সমকাল

তারিখ ... 24 JAN 2015 ...
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ... [illegible] ...

### এলআইসিটি প্রকল্পে যুক্তরাজ্যের আর্নেস্ট অ্যান্ড ইয়ংয়ের প্রশিক্ষণ

# শিক্ষার্থী ১০ হাজার ॥ ৬ হাজারের চাকরি

দেশের ১০ হাজার স্নাতক ডিগ্রি সম্পন্নকারী তরুণ শিক্ষার্থীকে তথ্যপ্রযুক্তি ভিত্তিক উচ্চতর প্রশিক্ষণ দেবে যুক্তরাজ্যভিত্তিক বহুজাতিক প্রতিষ্ঠান আর্নেষ্ট অ্যান্ড ইয়ং [ইওয়াই]। প্রতিষ্ঠানটি প্রশিক্ষণ শেষে কমপক্ষে ছয় হাজার শিক্ষার্থীকে দেশ-বিদেশের বিভিন্ন আইটি প্রতিষ্ঠানে চাকরি দেবে। সম্প্রতি আইসিটি বিভাগের এলআইসিটি প্রকল্প এবং ইওয়াইয়ের মধ্যে এ বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

জানা গেছে, এলআইসিটি প্রকল্পটির আওতায় ৩৪ হাজার তথ্যপ্রযুক্তি পেশাজীবী গড়ে তোলা হচ্ছে। এর মধ্যে ১০ হাজার জনকে শীর্ষ পর্যায়ের পেশাজীবী হিসেবে গড়ে তোলার দায়িত্ব পেয়েছে ইওয়াই। পাশাপাশি দক্ষ প্রশিক্ষক তৈরিতেও কাজ করবে তারা। যুক্তরাষ্ট্রের কার্নেগি মেলান ও ইতালির মিলান বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম অনুসরণ করে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নির্বাচিতদের প্রশিক্ষণ দেওয়া হবে। এ সম্পর্কে এলআইসিটি প্রকল্প পরিচালক রেজাউল করিম বলেন, প্রশিক্ষণ দিতে ইতিমধ্যে দেশের ৩৪টি সরকারি, ২৬টি বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং ১৫টি ইনস্টিটিউটকে অবহিত করা হয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণার্থী বাছাই করা হবে। আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক সমকালকে বলেন, আন্তর্জাতিক চাহিদার দিকে লক্ষ্য রেখে বিশ্বমানের প্রশিক্ষণ নিশ্চিত করতে ইওয়াইকে নির্বাচিত করা হয়েছে। আন্তর্জাতিক মানের প্রশিক্ষণের মাধ্যমে বিশ্বমানের দক্ষ কর্মীতে নিজেদের রূপান্তরের সুযোগ পাবে দেশের তরুণরা। উইকিপিডিয়া থেকে জানা যায়, পেশাজীবী তৈরিতে বিশ্বের তৃতীয় বৃহত্তর প্রতিষ্ঠান ইওয়াইয়ের ১৫০টি দেশে কার্যক্রম রয়েছে।

■ হাসান জাকির